নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩২৫ ২২ নভেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবির সঙ্গে তুরস্কের কারাবুক বিশ্ববিদ্যালয়ের চুক্তি, প্যারেন্ট'স ডে এবং ফ্রেশার্স রিসেপশন অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের কারাবুক বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষর এবং সামাজিক সংগঠন মোরাল প্যারেন্টিং ফ্যামিলি'র আয়োজনে 'মোরাল প্যারেন্টস ডে' উদযাপন ও ইনডিজেনিয়াস স্টুডেন্ট এসোসিয়েশনের উদ্যোগে 'ফ্রেশার্স রিসেপশন এন্ড ফেয়ারওয়েল-২০২৫' অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (২১ নভেম্বর ২০২৫) পৃথক এ অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এদিন উপাচার্যের কার্যালয়ে ইরাসমাস প্লাস মোবিলিটি প্রোগ্রামের আওতায় চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে কারাবুক বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেক্টর অধ্যাপক ড. ফাতিহ কিরিসিক।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বিশ্বায়নের এ যুগে উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়নে আন্তর্জাতিক অংশীদারিত্বের কোনো বিকল্প নেই। নোবিপ্রবির সঙ্গে তুরস্কের স্বনামধন্য কারাবুক বিশ্ববিদ্যালয়ের এ চুক্তি শিক্ষা ও গবেষণায় এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। এ যৌথ উদ্যোগ আমাদের বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উৎকর্ষ সাধনে এবং বৈশ্বিক র‍্যাঙ্কিংয়ে এগিয়ে যেতে বিশেষ ভূমিকা রাখবে। এছাড়াও কারাবুক বিশ্ববিদ্যালয় থেকে আগত ফ্যাকাল্টি মেম্বারদের অভিজ্ঞতা আমাদের শিক্ষক-শিক্ষার্থীদের জন্য নতুন দিগন্ত উন্মোচন করবে।

নোবিপ্রবির ইন্টারন্যাশনাল কোলাবোরেশান এন্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স (আইসিইএ) অফিসের তত্ত্বাবধানে আয়োজিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অন্যান্যের মাঝে আইসিইএ'র অতিরিক্ত পরিচালক ও ইরাসমাস প্লাস প্রোগ্রামের কো-অর্ডিনেটর অধ্যাপক ড. মো. রোকনুজ্জামান সিদ্দিকী এবং ডেপুটি রেজিস্ট্রার (আইসিইএ) ড. খালেদ মেহেদী হাসানসহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

অন্যদিকে সামাজিক সংগঠন 'মোরাল প্যারেন্টিং ফ্যামিলি'র আয়োজনে নোবিপ্রবিতে 'মোরাল প্যারেন্টস ডে' উদযাপিত হয়েছে। শুক্রবার বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি ভবনে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। পরে সংগঠনের সদস্যদের নিয়ে বৃক্ষরোপণ করেন উপাচার্য। এছাড়াও ইনডিজেনিয়াস স্টুডেন্ট এসোসিয়েশন, নোবিপ্রবির আয়োজনে 'ফ্রেশার্স রিসেপশন এন্ড ফেয়ারওয়েল-২০২৫' অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার লাইব্রেরি ভবনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। এদিকে শুক্রবার (২১ নভেম্বর ২০২৫) 'সশস্ত্র বাহিনী দিবস-২০২৫' উপলক্ষে কুমিল্লা সেনানিবাসে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা, শহিদ পরিবারের সদস্য, সশস্ত্র বাহিনীর প্রাক্তন সদস্যসহ সামরিক-বেসামরিক কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪